গাংনীতে “অর্ধগলিত মরদেহ উদ্ধার”

এক ছেলে পুলিশ সদস্য, অপর ছেলে কুয়েত প্রবাসী। বৃদ্ধ পিতার যায়গা হয়নি কোনো ছেলের কাছে। সংসার চালানোর জন্য টাকা পয়সাও দেইনা কেউ। তাই স্থানীয় সাপ্তাহিক হাটবাজারে লেবু ও আমড়া বিক্রি করেই নিজের পেট চালাতেন বৃদ্ধ আবু বক্কর (৭০)। প্রথম স্ত্রী মারা যাবার পর দ্বিতীয় বিয়ে করেছিলেন। সেও চলে গেছে তাঁকে ছেড়ে। ছোট্ট কুঁড়েই ঘরেই ছিলো তাঁর বাস। তিনদিন আগেও প্রতিবেশীরা তাঁকে ছাগলের জন্য কাঁঠাল পাতা কাটতে দেখেছেন। তারপর তিনদিন কেউ তাঁর খোঁজ পাননি।

আজ বৃহস্পতিবার (৭ নভেম্বর) বিকালের দিকে ঘর থেকে দূর্গন্ধ বের হয়। প্রতিবেশীরা তাঁর ঘরে গিয়েই দেখতে পান অর্ধগলিত মরদেহ পড়ে আছে আবু বক্করের।

আবু বক্কর গাংনী উপজেলার হোগলবাড়িয়া গ্রামের উত্তরপাড়া এলাকার মৃতু চাঁদ আলীর ছেলে।

গাংনী থানার কুমারিডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই সোয়েবুর রহমান জানান, স্থানীয়দের দেয়া খবরের ভিত্তিতে ঘটনাস্থলে এসে মরদেহ উদ্ধার করা হয়েছে।

স্থানীয়দের বরাত দিয়ে তিনি জানান, আবু বক্করের প্রথম স্ত্রী মারা যাবার পর দ্বিতীয় বিয়ে করেন। তাঁর দ্বিতীয় স্ত্রীও ফেলে রেখে চলে গেছে। বড় ছেলে রতন কুয়েত প্রবাসী। ছোট ছেলে জিয়া বাংলাদেশ পুলিশে চাকুরী করেন। সে সুবাদে নড়াইল জেলাতে থাকেন তিনি। বৃদ্ধ আবু বক্কর ব্যবসা করে নিজেই রান্না করে খাওয়া দাওয়া করতেন। একাই থাকতেন ছোট্ট কুড়ে ঘরটিতে।

স্থানীয় প্রতিবেশী কবির হোসেনসহ বেশ কয়েকজন জানান, কোনো ছেলেই তার বাবাকে খেতে দিতো না। ছেলেরা অন্য যায়গায় বাড়ি করেছে। তাদের স্ত্রী সেখানেই থাকেন। আবু বক্কর একাই রান্না করে খাওয়া দাওয়া করতেন। অসুখ বিসুখেও কেউ দেখতেন না। ধারণা করা হচ্ছে স্ট্রোক করে বা অসুস্থ হয়ে মারা গেছেন তিনি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল বলেন, ধারনা

করা হচ্ছে অসুস্থ হয়েই সে মারা গেছে। তবে, তার ছেলে বা আত্মীয় স্বজন আসার পর বোঝা যাবে। মরদেহ উদ্ধার করা হয়েছে।

গাংনীতে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে গাংনীতে বিরাট গণ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ বৃহস্পতিবার (৭ নভেম্বর) বিকালে গাংনী বাসস্ট্যান্ড শহীদ আবু সাঈদ চত্ত্বরে বেলুন ফেস্টুন ও কবুতর উড়িয়ে দলের কর্মসূচির উদ্বোধন করেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন।

পরে আয়োজিত গণ সমাবেশে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান রেজাউল হক।

গণ সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

গাংনী উপজেলা বিএনপির সহসভাপতি ও গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ইনসারুল হক ইন্সুর সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপির সহসভাপতি শহিদুল ইসলাম নাসির, জেলা বিএনপির ১ নং যুগ্ম সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল, যুগ্ম সাধারণ সম্পাদক ও রায়পুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দিন কালু, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, গাংনী উপজেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক ও ধানখোলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামান, জেলা মহিলা দলের সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা মহিলা ভাইসচেয়ারম্যান লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক ও সাবেক ছাত্র নেতা আব্দুল হক, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক মালেক হোসেন চপল বিশ্বাস, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানের পর ২০২৪ বৈষম্যবিরোধী আন্দোলনে পুলিশ ও

আওয়ামী লীগ সন্ত্রাসীদের গুলি ও ধারালো অস্ত্রের আঘাতে নিহতদের রুহের মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

মেহেরপুরে কলেজ ছাত্রী অপহরণ মামলার আসামি গ্রেফতার

মেহেরপুরে কলেজ ছাত্র অপহরণ মামলার আসামী শিমুল হোসেন (২২) কে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ। শিমুল গাংনী উপজেলার ধানখোলা মাঠপাড়া এলাকার রাইতাল হোসেনের ছেলে।

গাংনী থানা পুলিশের একটি টিম গতকাল বুধবার দিবাগত রাত ১১ টার দিকে গাংনী উপজেলা শহর থেকে অভিযান চালিয়ে গ্রেফতার করেন। পরে মেহেরপুর সদর থানা পুলিশের নিকট হস্তান্তর করেন।

মামলার তদন্তকারী অফিসার মেহেরপুর সদর থানার উপপরিদর্শক বিকাশ মজুমদার এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, মেহেরপুর সদর থানার কালিগাংনী গ্রামের ছহিরুল ইসলামের মেয়ে কলেজ ছাত্রী সাদিয়া আক্তারকে অপহরণের অভিযোগ এনে তাঁর পিতা ছহিরুল ইসলাম একটি অপহরণ মামলা দায়ের করেন। নারী ও শিশু নির্যাতন দমণ আইনের ৭/৩০ ও সড়ক পরিবহণ আইনের ৯৮/১০৫ ধারায় দায়ের করা সদর থানার মামলা নং ১, তারিখ ০১/১১/২৪ ইং।

তবে, মামলার আসামি শিমুল হোসেন জানান, সাদিয়ার সাথে আমার দীর্ঘ প্রেমের সম্পর্ক থাকায় তাঁকে নিয়ে গত ঈদের দিনে মোটরসাইকেল যোগে ঘুরতে যাচ্ছিলাম। কাথুলি-গাংনী সড়ক দিয়ে ভাটপাড়া ইকোপার্কে আসার সময় রাস্তার কালভার্টের সাথে ধাক্কা খেয়ে দুর্ঘটনায় পতিত হই। এসময় সাদিয়া গুরুতর আহত হন। আহতাবস্থায় তাঁকে উদ্ধার করে প্রথমে গাংনী, কুষ্টিয়া, রাজশাহী ও পরে ঢাকা মেডিকেলে দীর্ঘদিন চিকিৎসাধীন ছিল। সেখানে আমরা টাকা পয়সা দিয়ে চিকিৎসা করিয়েছি। বর্তমানে সে জ্ঞানহীন অবস্থায় রয়েছে। এর মধ্যে আমার নামে অপহরণ মামলা করেছে।

আজ বৃহস্পতিবার গ্রেফতারকৃত শিমুলকে আদালতে সোপর্দ করা হবে বলে জানান উপপরিদর্শক বিকাশ মজুমদার।

গাংনীতে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

পৌনে ৩ কেজি গাঁজাসহ তৌফিক মোল্লা (৩৭) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) মেহেরপুর ক্যাম্প।

আজ মঙ্গলবার (৫ নভেম্বর) সকাল সাড়ে ৭ টার দিকে গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

মাদক ব্যবসায়ী তৌফিক হোসেন গাংনী উপজেলার সীমান্তবর্তি খাঁসমহল গ্রামের মৃত আবুল কালামের ছেলে।

র্যাব-১২ এর ক্রাইম প্রিভেনশন কোম্পানী-৩ মেহেরপুর ক্যাম্প কমান্ডার ও অতিরিক্ত পুলিশ সুপার আশরাফউল্লাহ (পিপিএম) এই তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, গোপন তথ্যের ভিত্তিতে সীমান্তবর্তি তেঁতুলবাড়ীয়া গ্রামে অভিযান চালিয়ে তাঁকে ২ কেজি ৭ শ গ্রাম হাঁজাসহ আটক করা হয়। মাদক ব্যবসায়ী তৌফিক গাঁজার বিক্রির জন্য সেখানে অবস্থান করছিলেন। আটককৃতকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা

অফিসারকে লাঞ্ছিতের প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারককে লাঞ্ছিত করার প্রতিবাদে এবং ঘটনায় জড়িতদের গ্রেপ্তাতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন করেছেন উপজেলার সরকারি কর্মকর্তা,কর্মচারী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বৃন্দ।

আজ মঙ্গলবার (৫ নভেম্বর) সকাল ১১ টায় গাংনী উপজেলা প্রেসক্লাবের সামনে উপজেলা নির্বাহী অফিসারের নের্তৃত্বে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধন বক্তব্য রাখেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমান ও গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক আদিলা আজহার।

মানববন্ধনে বক্তারা বলেন, গত সোমবার বেলা ১২ টায় আদালতের দায়েরকৃত নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবোনালের একটি মামলার তদন্তকালে কিছু বহিরাগত যুবক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক কে লাঞ্ছিত করে।

লাঞ্ছিত হওয়ার ঘটনায় গতকাল গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক বাদী হয়ে গাংনী থানায় এজাহান নামীয় ৮ জন এবং অজ্ঞাতনামা ৩/৪ জনের বিরুদ্ধে একটি নিয়মিত মামলা করেছেন। মামলায় এজাহার নামীয় আসামিদের দ্রত গ্রেফতারের দাবি জানান মানববন্ধনে অংশ গ্রহণকারীরা।

মামলায় আসামিরা হলো- গাংনী পৌরসভার শিশির পাড়া গ্রামের আব্দুল জলিলের ছেলে বসির (৩৫), আব্দুর রশিদের ছেলে গাফার আলী(৩৭), আব্দুল মালেকের ছেলে ঈমান আলী, আব্দুল ওয়াহেদের ছেলে জনি (৩৬), নজরুল ইসলামের ছেলে সুমন (৩৫), মহাশিন আলীর ছেলে ইয়ামিন আলী(৩৭), আব্দুল ওয়াদু এর ছেলে সাইদুল ইসলাম(৩৭) ও মোরশেদ আলীর ছেলে চান্দু ( ৩৬)।

উল্লেখ্য: মেহেরপুর আদালতের বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল এর ২০৮/২০২৪ নাম্বার পিটিশন মামলা তদন্তের শুনানীর

জন্য উভয়পক্ষকে মাধ্যমিক শিক্ষা অফিসে ডাকা হয়। গতকাল সোমবার (৪ নভেম্বর) দুপুরে বাদী-বিবাদী অফিসের সামনে হাজির হলে উভয়পক্ষের লোকজনের মধ্যে কথা কাটাকাটি ও বাক বিতন্ডা শুরু হয়। এসময় তিনি উভয় পক্ষকে শান্ত থাকার আহবান জানান।

এক পর্যায়ে ১০/১২ জন যুবক রাগান্বিত হয়ে মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারকের হাতে থাকা মোবাইল ফোনটি কেড়ে নেয় ও শার্টের কলার ধরে টানা হেচড়া করে লাঞ্ছিত করে। এর প্রতিবাদ জানালে মাধ্যমিক শিক্ষা অফিসের সহকারী তোফাজ্জেল হোসেনকেও লাঞ্ছিত করে এবং অশ্লীল ভাষায় গালিগালাজ করে এবং দেখে নেয়ার হুমকি দেয় তারা। এঘটনায় মাধ্যমিক শিক্ষা অফিসার বাদী হয়ে গাংনী থানায় উল্লেখিত ব্যক্তিদের নামে একটি নিয়মিত মামলা করেন। মামলা নম্বর-৫।

গাংনীতে বিশেষ টাস্কফোর্সের অভিযানে জরিমানা আদায়

গাংনীর বামন্দী বাজারের বাদল ট্রেডার্সকে ৩ হাজার টাকা জরিমানা করেছে মেহেরপুরের দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ বিশেষ টাস্কফোর্স।

আজ সোমবার বিকেলে এ অভিযান চালানো হয়। অভিযানে বামন্দী বাজারের মাছ, মুরগী, সবজিসহ বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানকে সতর্ক করা হয়।

দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ বিশেষ টাস্কফোর্সের নির্বাহী ম্যাজিস্ট্রট এনডিসি মো: সাজেদুল ইসলামের নেতৃত্বে বিশেষ টাস্কফোর্স টিম বামন্দী বাজারের বাদল ট্রেডার্সে অভিযান চালায়। দোকানে দ্রব্যের মূল্য তালিকা না থাকায় অত্যাবশকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন ১৯৫৬ এর ৬/১ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়। একই সময়ে কয়েকটি ব্যবসা প্রতিষ্ঠানকে মূল্য তালিকা না থাকায় তাদেরকে সতর্ক করা হয়।

অভিযানে সহায়তা করেন বাংলাদেশ সেনাবাহিনীর একটি টিম।

গাংনীতে যৌথবাহিনীর অভিযানে বন্দুকের সিসা কার্তুজ উদ্ধার

মেহেরপুরে পরিত্যক্ত অবস্থায় বন্দুকের ৪ রাউন্ড সিসা কার্তুজ উদ্ধার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন(র্যাব-১২) ক্রাইম প্রিভেনশন কোম্পানী (সিপিসি-৩) মেহেরপুর ক্যাম্প ও যৌথবাহিনী।

আজ রবিবার (৩ নভেম্বর) ভোররাতের দিকে যৌথিাহিনীর উদ্যোগে এই অভিযান চালানো হয়।

র্যাব-১২, সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্প, মেহেরপুর আর্মি ক্যাম্প ও গাংনী থানা পুলিশ যৌথভাবে অভিযান চালান।

র্যাব-১২, মেহেরপুর সিপিসি-৩, কোম্পানি কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার আশরাফউল্লাহ পিপিএম আজ দুপুরে সাংবাদিকদের প্রেস রিলিজ দিয়ে এই তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাংনী উপজেলার চরগোয়ালগ্রামের মোঃ সোহাগ সর্দারের বাড়ির নির্মানাধীন বাথরুমের বালির নিচে পলিথিনে মোড়ানো অবস্থায় এই সিসা কার্তুজ উদ্ধার করা হয়।

তিনি আরও বলেন, ওই বাড়িতে অবৈধ আগ্নেয়াস্ত্র আছে এমন গোপন সংবাদের ভিত্তিতে একটি যৌথ কমান্ডের আভিযানিক দল ওই বাড়িতে অভিযান চালায়। সোহাগ সর্দারকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে তাঁর কোন সংশ্লিষ্টতা না পাওয়ায় এবং তথ্য দাতার সংবাদ উদ্দেশ্য প্রনোদিত মনে হওয়ায় কার্তুজগুলো পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করা হয়েছে।

এছাড়া এই বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন। উদ্ধারকৃত সিসা কার্তুজ জিডিমূলে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে ৫৩ তম জাতীয় সমবায় দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে ৫৩ তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে। আজ শনিবার (০২ নভেম্বর) দিবসটি পালন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

কর্মসূচীর মধ্যে সকাল ১০ টায় সমবায় ও জাতীয় পতাকা উত্তোলনের পরপরই বর্ণাঢ্য র্যালি গাংনী উপজেলা চত্ত্বর হতে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পূর্বের স্থানে এসে শেষ হয়।

এ পরে সকাল সাড়ে ১০ টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান (ভারপ্রাপ্ত) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম মওলানা জাহিদ হোসেন। এরপর অতিথিদের নতুন উত্তরীয় দিয়ে বরণ করে নেয়া হয়।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান (ভারপ্রাপ্ত)।

উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোলের উপস্থাপনায় “সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে অনুষ্ঠানে বক্তব্য রাখেন চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সভাপতি আবুল কাশেম, নাগদারখাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির নির্বাহী পরিষদের সদস্য আব্দাল হক, ডিজিটাল বহুমুখী সমবায় সমিতির সভাপতি তোফায়েল হোসেন, ইত্তেফাক পত্রিকার গাংনী উপজেলা সংবাদদাতা আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

অনুষ্ঠানের শেষাংশে উপজেলার পাঁচটি সফল সমবায়ী প্রতিষ্ঠানকে ক্রেস্ট প্রদান করা হয়।

গাংনীতে গাঁজাসহ ২ মাদক কারবারী আটক

গাংনীতে ৫ কেজি গাঁজাসহ দুই মাদক কারবারীকে আটক করেছে গাংনী থানা পুলিশ। আজ শুক্রবার (০১ নভেম্বর) ভোররাতে গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে গাংনী থানা পুলিশের একটি টিম তাঁদের বাড়িতে অভিযান চালিয়ে আটক করেন।

আটককৃতরা হলো, গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামের আজিবর রহমানের ছেলে শামিম হোসেন ওরফে রাজু (২৮) ও একই গ্রামের রতন আলীর ছেলে মোমিনুল ইসলাম(২১)।

গাংনী থানার ওসি বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, নিজ বাড়িতে মাদক নিয়ে অবস্থান করছে এমন সংবাদেব ভিত্তিতে উপপরিদর্শক (এসআই) পিন্টুর নেতৃত্বে পুলিশের একটি টিম ওই বাড়িতে অভিযান চালান।

এসময় ৫ কেজি গাঁজাসহ রাজু ও মোমিনুল ইসলাম আটক হন।

আটককৃত রাজু ও মমিনুলের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মেহেরপুর জেলা হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে হত্যা মামলার আসামি সাবেক ইউপি সদস্য গ্রেপ্তার

গাংনী উপজেলার বাওট গ্রামের নাহারুল ইসলাম হত্যা মামলার এজাহারভুক্ত ৯ নং আসামি সাবেক ইউপি সদস্য বিএনপি নেতা মহিবুল ইসলামকে (৬৮) গ্রেপ্তার করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন র্যাব-১২ এর ক্রাইম প্রিভেনশন কোম্পানি-৩ মেহেরপুর ক্যাম্পের একটি দল।

গতকাল বৃহস্পতিবার (৩১ অক্টোবর) দিবাগত রাতে গোপন সংবাদের

ভিত্তিতে গোপালগঞ্জের কাশিয়ানি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মধ্যে তার মেঝো ছেলে স্যাকমো চিকিৎসক ঝন্টুর বাসাতে অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়।

র্যাপিড একশন ব্যাটালিয়ন র্যাব-১২ এর একটি টিম গোপন সংবাদের ভিত্তিত্বে কাশিয়ানি থানা পুলিশের সহযোগীতায় তাকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত মহিবুল ইসলাম গাংনী উপজেলার বাওট গ্রামের মৃতু ওয়াজ উদ্দীন মন্ডলের বড় ছেলে। সে বিএনপির স্থানীয় প্রভাবশালী নেতা ও মটমুড়া ইউনিয়ন পরিষদের সাবেক সদস্য (মেম্বর)।

আজ শুক্রবার (১ নভেম্বর) এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানান র্যাব-১২ এর ক্রাইম প্রিভেনসন সেন্টার সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সিনিয়র এএসপি আশরাফ উল্লাহ পিপিএম এই তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, এর আগে একই মামলায় গত ৭ অক্টোবর ভোররাতে মহিবুল ইসলামের দুই ছেলে মো. সাহাবুর রহমান মিন্টু (৪০) ও মো. শাহা আলম ওল্টু (২৮) কে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার আব্দুলপুর গ্রামে তাঁদের শশুরবাড়িতে অভিযান চালিয়ে গ্রেফতার করে র্যাব। তারা মেহেরপুর জেলা কারাগারে রয়েছে।

উল্লেখ্য, গত ৬ আগস্ট রাত ১০টার দিকে আধিপত্য বিস্তার ও পূর্ব বিরোধকে কেন্দ্র করে দুপক্ষের সংঘর্ষে বাওট গ্রামের কুরু বিশ্বাসের ছেলে নাহারুল ইসলাম (৫৫) নিহত হন। এতে আহত হন উভয়পক্ষের আটজন।

আহতরা হলেন, নিহত নাহারুল ইসলামের বড় ভাই আইনাল হোসেন (৬২), আব্দাল হোসেন (৫৮), ইনামুল হক (৪০) ও তার ছেলে সিয়াম (১৭)।

অপরপক্ষের আহত হন মটমুড়া ইউনিয়নের সাবেক ইউপি মেম্বার বিএনপি নেতা মহিবুল ইসলাম (৬৮), ভাই সাবেক মেম্বার বিএনপি নেতা আশরাফুল ইসলাম কালু (৫৬), হামিদুল ইসলাম (৪৬) ও আমিরুল ইসলাম (৪০)।

এ ঘটনায় নিহত নাহারুল ইসলামের ছেলে নাজমুল হোসেন বাদী হয়ে গাংনী থানায় ১১ জনের নাম উল্লেখ করে আরও কয়েকজনকে অজ্ঞাত আসামি করে একটি হত্যা মামলা দায়ের করেন। হত্যাকাণ্ডের পর থেকেই আসামিরা পলাতক ছিলেন।

আজ শুক্রবার সকালের দিকে গ্রেপ্তারকৃত মহিবুল ইসলামকে গাংনী

□□□□□ □□□□□□□□□ □□□ □□□□□□